# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 11 April, 2025

নেত্রকোণার দুর্গাপুর উপজেলার বিরিশিরি ইউনিয়নের শিরবির গ্রামে ধানক্ষেত থেকে আছিয়া খাতুন (৬৫) নামের এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।শুক্রবার (১১ এপ্রিল) সকালে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহটি উদ্ধার করে।

নিহত আছিয়া খাতুন ওই গ্রামের মৃত আব্দুল আজিজের মেয়ে।স্বামী ও সন্তান না থাকায় তিনি তার বোনের বাড়িতে বসবাস করতেন। এলাকাবাসীর তথ্যমতে, আছিয়া খাতুন দীর্ঘদিন ধরে মানসিক ভারসাম্যহীন অবস্থায় বিভিন্ন স্থানে ঘুরে বেড়াতেন এবং কখনো রাতে বাড়ি ফিরতেন, আবার কখনো ফিরতেন না।

সর্বশেষ বৃহস্পতিবার রাত ১০টার দিকে তাকে উপজেলার দাখিনাইল চৌরাস্তার আশপাশে ঘোরাফেরা করতে দেখা যায়।এরপর থেকে তিনি আর বাড়ি ফেরেননি।শুক্রবার সকালে শিরবির গ্রামের একটি ধানক্ষেতে তার মরদেহ পড়ে থাকতে দেখে স্থানীয়রা থানায় খবর দেন।

দুর্গাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদুল হাসান জানান, প্রাথমিকভাবে এটি অপমৃত্যু বলেই মনে হচ্ছে।নিহতের স্বজনদের আবেদনের ভিত্তিতে ময়নাতদন্ত ছাড়াই মরদেহ হস্তান্তর করা হয়েছে।এ ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

ধানক্ষেত নারী মরদেহ উদ্ধার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:31

URL: https://www.timestodaybd.com/mymensingh/775807621